গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।
www.dfp.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)

**১. ভিশন ও মিশন:**

**ভিশন:** দেশের ইতিহাস ও ঐতিহ্যের লালন এবং সরকারের উন্নয়ন কর্মকান্ডের প্রতিফলন।

**মিশন:** জনসচেতনতামূলক প্রামাণ্যচিত্র, ডকুড্রামা, সংবাদচিত্র, ফিচার ফিল্ম, পুস্তক-পুস্তিকা, অ্যালবাম, পোস্টার ইত্যাদির মাধ্যমে উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতন ও দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলা।

**২. সেবা প্রদান প্রতিশ্রুতি:**

**২.১) নাগরিক সেবা:**

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | তথ্য প্রদান | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার নিকট সরাসরি/ডাকযোগে আবেদনের মাধ্যমে। | প্রশাসন শাখায় আবেদন ফরম পাওয়া যাবে। এ অধিদপ্তরের ওয়েবসাইটেও আবেদন ফরম পাওয়া যাবে। | প্রতি পৃষ্ঠা ২ টাকা হারে। | ২০ কার্যদিবস। | সেলিনা আকতার<br>উপপরিচালক (প্রশাসন)<br>ফোন: ৯৩৩৩০৩৬<br>ddadmin@dfp.gov.bd |
| ২. | দেশের সকল পত্র-পত্রিকা ও পুস্তকের নিবন্ধন। | ব্যক্তি প্রতিষ্ঠানের পক্ষ থেকে সংশ্লিষ্ট কোন প্রাপকের মাধ্যমে মহাপরিচালক বরাবরে নির্ধারিত ফরমে প্রকাশনার মুদ্রিত ৪ কপিসহ আবেদনের ভিত্তিতে পত্রিকা ও পুস্তকের নিবন্ধনের প্রত্যয়ন প্রদান। | নিবন্ধন শাখার নির্দিষ্ট তথ্য ছকে আবেদন করা যাবে। www.dfp.gov.bd ওয়েব সাইটে আবেদন ফরম পাওয়া যাবে। | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | তাজকিয়া আকবারী<br>উপপরিচালক (নিবন্ধন)<br>ফোন: ০২-৯৩৩১৯৬৪<br>E-mail: dfpreg@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৩. | সংবাদপত্র ও সাময়িকীর নামের ছাড়পত্র প্রদান। | নির্ধারিত ফরমে আবেদনপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয়ের মাধ্যমে মহাপরিচালক বরাবর প্রেরণের পর নামের ছাড়পত্র প্রদান করা হয়। | নামের ছাড়পত্র সংক্রান্ত নির্ধারিত ফরম সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরে পাওয়া যাবে।<br>প্রয়োজনীয় কাগজপত্র সমূহ-<br>১. শিক্ষাসনদ (সব)<br>২. ব্যাংক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র<br>৩. ব্যাংকে ৬ মাসের এস্টেটমেন্ট<br>৪. আয়কর প্রত্যয়নপত্র<br>৫. নাগরিক সনদপত্র<br>৬. ন্যাশনাল আইডি কার্ড ( সত্যায়িত ৪ কপি)<br>৭. সাংবাদিকতার অভিজ্ঞতার সনদপত্র<br>৮. প্রেসের সাথে চুক্তিপত্র<br>৯. ছাপাখানার ঘোসনাপত্রের সত্যায়িত কপি<br>১০. স্থানীয় এম পি'র প্রত্যয়ন (যদি থাকে)<br>১১. অফিস বাড়ার চুক্তিপত্র | বিনামূল্যে | ০৭ (সাত) কার্যদিবস | তাজকিয়া আকবারী<br>উপপরিচালক (নিবন্ধন)<br>ফোন: ০২-৯৩৩১৯৬৪<br>E-mail:<br>dfpreg@gmail.com |
| ৪. | পত্রিকাসমূহের নিয়মিত প্রকাশ সংক্রান্ত প্রত্যয়নপত্র জারি। | পত্রিকা নিবন্ধন শাখায় নিয়মিত জমা প্রদান সাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মহাপরিচালক বরাবরে প্রেরিত আবেদনের ভিত্তিতে প্রত্যয়নপত্র জারি করা হয়। | আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মহাপরিচালকের বরাবরে আবেদন করতে হবে। আবেদনের সাথে পত্রিকার নামের ছাড়পত্র, ঘোষণাপত্রের কপি, সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় এবং স্পেশাল ব্রাঞ্চ হতে প্রাপ্ত নিয়মিত প্রকাশনার প্রত্যয়নপত্র এবং পত্রিকার প্রথম সংখ্যা আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।<br>(পাঁচটি পেপার্স) | বিনামূল্যে | ১৫ কার্যদিবস | তাজকিয়া আকবারী<br>উপপরিচালক (নিবন্ধন)<br>ফোন: ০২-৯৩৩১৯৬৪<br>E-mail:<br>dfpreg@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৫. | নিরীক্ষাপূর্বক পত্র-পত্রিকার প্রচার সংখ্যা নির্ধারণ। | প্রচার সংখ্যা নির্ধারণের জন্যে মহাপরিচালক মহোদয়ের বরাবরে আবেদন দাখিল করা হলে দাখিলকৃত কাগজপত্র যাচাই এবং যথার্থতা নিরূপন করে পত্রিকা অফিস ও প্রেস পরিদর্শনের মাধ্যমে প্রচার সংখ্যা নির্ধারণ। | * অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www. dfp.gov.bd) এ প্রাথমিক তথ্যাবলি সম্বলিত নির্ধারিত ছক পাওয়া যাবে।<br>* সংশ্লিষ্ট পত্রিকা অফিসের প্যাডে নির্ধারিত ছক পূরণসহ ।<br>* প্রাথমিক তথ্যাবলি সম্বলিত নির্ধারিত ছক।<br>* অধিদপ্তরের এবিসি শাখায় পাওয়া যাবে। | বিনামূল্যে | ৯০ কার্যদিবস | মো: রুবেল রানা<br>সহকারী পরিচালক (এবিসি)<br>ফোন: ০২-৮৩০০৬৯৬<br>E-mail: mdrana483@gmail.com |
| ৬. | সংবাদপত্র/সাময়িকীর মিডিয়া তালিকাভুক্তিকরণ। | ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে নির্ধারিত ছক পূরণসহ মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। | ১. আবেদনপত্র (অবশ্যই স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সর্বশেষ ছাড়পত্র আবেদেনের সাথে সংযোজন করতে হবে)।<br>২. নিয়োগকৃত সাংবাদিক কর্মচারীদের নিয়োগপত্র।<br>৩. জাতীয় পরিচয়পত্র।<br>৪. ঘোষণাপত্র।<br>৫. প্রেসের ঘোষণাপত্র ও চুক্তিপত্র।<br>৬. ঘর ভাড়ার চুক্তিপত্র।<br>৭. আয়কর সনদপত্র।<br>৮. প্রথম প্রকাশিত সংখ্যাসহ সর্বশেষ ৩ মাসের নিয়মিত প্রকাশিত কপি।<br>৯. জেরা প্রশাসকের প্রত্যয়নপত্র।<br>১০. জেলা পুলিশের বিশেষ শাখার ছাড়পত্র।<br>১১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক শাখার প্রত্যয়নপত্র।<br>১২. নিবন্ধন শাখার ছাড়পত্র মহাপরিচালক বরাবরে জমা দিতে হবে। | বিনামূল্যে | ৯০ কার্যদিবস | মো: রুবেল রানা<br>সহকারী পরিচালক (এবিসি)<br>ফোন: ০২-৮৩০০৬৯৬<br>E-mail: mdrana483@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৭. | প্রচার সংখ্যার ভিত্তিতে সংশ্লিষ্ট পত্রিকার বিজ্ঞাপন হার ও মাসিক নিউজপ্রিন্টের কোটা নির্ধারণ। | বিগত ৬ মাসের নিউজপ্রিন্ট ক্রয় পক্রিকা ছাপার কাজে নিউজপ্রিন্ট ব্যবহার, হকার ও এজেন্টদের নামের তালিকা, পত্রিকা বিক্রি বাবদ আয়, ক্যাশ বই ও প্রয়োজনীয় ক্ষেত্রে আয়কর বিবরণী ইত্যাদি যাচাই এবং ওয়েজ বোর্ড বাস্তবায়ন কখনও কখনও পত্রিকা অফিস ও প্রেস সরেজমিন পরিদর্শন সাপেক্ষে বিজ্ঞাপন হার ও নিউজ প্রিন্টের কোটা বিদ্যমান নীতিমালা অনুযায়ী নির্ধারণ করা হয়। | ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। *অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www.dfp.gov.bd) এ নির্ধারিত ৭টি ফরম পাওয়া যাবে। | বিনামূল্যে | ৬০ কার্যদিবস | মো: রুবেল রানা<br>সহকারী পরিচালক (এবিসি)<br>ফোন: ০২-৮৩০০৬৯৬<br>E-mail: mdrana483@gmail.com |

**২.১) প্রাতিষ্ঠানিক সেবা**

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | মিডিয়াভুক্ত পত্রিকার নামের তালিকা প্রচারসংখ্যা, বিজ্ঞাপন হার নির্ধারণ। | * অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www.dfp. gov.bd) প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে।<br>* উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)/সহকারী পরিচালক (এবিসি) এর সাথে যোগাযোগ করলে বিস্তারিত জানা যাবে। | * অদিপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www.dfp.gov.bd) এ প্রচারসংখ্যা, বিজ্ঞাপন হার এর প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে। | বিনামূল্যে | প্রতিমাসে ওয়েবসাইটে আপডেট করা হয়। | ডায়ানা ইসলাম সিমা<br>উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)<br>ফোন: ০২-৯৩৩১১৪২<br>E-mail: dayanasima@yahoo.com |
| ২. | নিয়মিত ও অ্যাডহক প্রকাশনা সরবরাহ। | নিয়মিত ও অ্যাডহক প্রকাশনাসমূহ আবেদনের প্রেক্ষিতে সরবরাহ করা হয়। | সরবরাহ ও মূল্য তালিকার তথ্য সহকারী পরিচালক (বিক্রয় ও বিতরণ) এর নিকট পাওয়া যাবে। ফোন: ০২-৯৩৫৭৪৯০<br>বিকাশ নম্বর: ০১৫৩১৩৮৫১৭৫ | নির্ধারিত মূল্য-সচিত্র বাংলাদেশ-২৫/-<br>নবারুণ- ২০/- | মুদ্রণ ও নির্মাণের পর তাৎক্ষণিকভাবে প্রেরণ | ইসরাত জাহান<br>উপপরিচালক (প্রকাশনা)<br>ফোন: ৮৩০০৭০৫<br>israt178@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৩. | চলচ্চিত্র, প্রামাণ্য চিত্র, ডকুড্রামা, সংবাদচিত্র, বিশেষ সংবাদচিত্রের সিডি/ডিভিডি প্রেরণ। | মহাপরিচালক বরাবরে আবেদনের মাধ্যমে (অনলাইন/সরাসরি) | প্রয়োজনীয়তার কারণ উল্লেখ করে আবেদন করতে হবে। | প্রযোজ্য নয় | মুদ্রণ ও নির্মাণের পর তাৎক্ষণিকভাবে প্রেরণ | মোহাম্মদ সায়েম হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>অতিরিক্ত দায়িত্ব সহকারী পরিচালক (চলচ্চিত্র) |
| ৪. | বিভিন্ন মন্ত্রণালয় ও স্বায়ত্তশাসিত দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী তাদের অর্থায়নে চলচ্চিত্র নির্মাণ। | অধিদপ্তরের নিজস্ব জনবল ও সরঞ্জামাদি ব্যবহার করে চলচ্চিত্র নির্মাণ | সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক পত্র দিয়ে আগ্রহ ব্যক্ত করতে হবে। | প্রযোজ্য নয় | চাহিদা প্রদানকারী কর্তৃপক্ষের নির্ধারিত সময়সীমা অনুযায়ী সেবা প্রদান করা হয়। | মোহাম্মদ সায়েম হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>অতিরিক্ত দায়িত্ব সহকারী পরিচালক (চলচ্চিত্র) |
| ৫. | প্রকাশনা ও চলচ্চিত্র সর্বসাধারণের জন্য সহজলভ্য করা। | প্রকাশিত পুস্তক, পোস্টার, ভিউকার্ড, সিডি/ডিভিডি বিক্রয় ও বিতরণ শাখার মাধ্যমে বিক্রয় ও বিতরণ করা হয়। | প্রকাশনা ও সিডি/ ডিভিডি ক্রয়ের ক্ষেত্রে মহাপরিচালক বরাবর লিখিত আবেদনপত্র। | নির্ধারিত মূল্য পরিশোধপূর্বক ক্রয় করা যাবে। | ০৭ (সাত) কার্যদিবস | প্রকাশনা শাখা /<br>বিক্রয় ও বিতরণ শাখা<br>ফোন: ০২-৯৩৩২২৭৬<br>E-mail:<br>israt178@gmail.com |
| ৬. | লেখকদের অনুপ্রাণিত করা। | মানসম্পন্ন লেখা প্রকাশ ও সম্মানী প্রদানের মাধ্যমে তরুণ ও প্রতিশ্রুতিশীল লেখকদের উৎসাহিত করা হয়। | সচিত্র বাংলাদেশ/ নবারুণ/বাংলাদেশ কোয়ার্টারলিতে মুদ্রণের জন্য লেখার হার্ড কপি ও সফট কপি সংশ্লিষ্ট সম্পাদক বরাবর সরাসরি/ইমেইলে প্রেরণ করতে হবে। | প্রযোজ্য নয় | সারা বছর | # মো: কামরুজ্জামান<br>সিনিয়র সম্পাদক (বাংলাদেশ কোয়ার্টারলি)<br>Email: mquamruzzaman@yahoo.com<br>মো: হুমায়ুন কবীর<br>সিনিয়র সম্পাদক (সচিত্র বাংলাদেশ ও নবারুণ)<br>Email: kobirin@gmail.com<br># মিসেস নুসরাত জাহান<br>সম্পাদক (নবারুণ)<br>Email: nusjrumi@gmail.com |

**২.১) অভ্যন্তরীণ সেবা**

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১. | পেনশন ও আনুতোষিক | পেনশন সহজীকরন নীতিমালা ২০০৫ অনুযায়ী। | প্রয়োজনীয় কাগজপত্র-<br>১. নন-গেজেটেড চাকুরের ক্ষেত্রে সার্ভিস বুক/গেজেটেড চাকুরের ক্ষেত্রে চাকুরির বিবরণী-১কপি।<br>২. পিআরএল-এ গমনের মঞ্জুরি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-১ কপি।<br>৩. ইএলপিস (প্রযোজ্য ক্ষেত্রে)-১ কপি<br>৪. পেনশন ফরম।<br>২.১ (সংযোজনী-৪)-৩কপি।<br>৫. সত্যায়িত ছবি-৪ কপি।<br>৬. প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ও ঘোষণা পত্র (সংযোজনী-২)-৩ কপি।<br>৭. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)-৩ কপি।<br>৮. না দাবী প্রত্যয়ন ছাপ (সংযোজনী-৮)-১ কপি। ৯. পেনশন মঞ্জুরী আদেশ- ১ কপি।<br>প্রাপ্তিস্থান-প্রশাসন শাখা। | বিনামূল্যে | ৩০ কার্যদিবস | মোহাম্মদ সায়েম হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: ০২-৮৩০০৬৯৮<br>সেলফোন: ০১৭১০-৭৭০১৭১<br>E-mail: sayeam2011@gmail.com |
| ২. | পাসপোর্ট এর অনাপত্তি প্রদান। | পাসপোর্ট এর অনাপত্তি ফর্ম পূরণ করে সাদা কাগজে মহাপরিচালক বরাবর আবেদন। | নির্ধারিত ছক প্রশাসন শাখা ও ওয়েবসাইট www.dfp.gov.bd-তে পাওয়া যাবে। | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | মোহাম্মদ সায়েম হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: ০২-৮৩০০৬৯৮<br>সেলফোন: ০১৭১০-৭৭০১৭১<br>E-mail: sayeam2011@gmail.com |
| ৩. | ভবিষ্য তহবিল থেকে অগ্রিম উত্তোলন। | হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের প্রত্যয়নপত্র ও নির্ধারিত ছকে মহাপরিচালক বরাবর আবেদন করতে হবে। | নির্ধারিত ছক প্রশাসন শাখা ও ওয়েবসাইট www.dfp.gov.bd-তে পাওয়া যাবে। | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | মোহাম্মদ সায়েম হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: ০২-৮৩০০৬৯৮<br>সেলফোন: ০১৭১০-৭৭০১৭১<br>E-mail: sayeam2011@gmail.com |

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম ও পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৪. | অর্জিত ছুটি মঞ্জুরিকরণ। | ছুটি প্রাপ্যতার প্রমাণপত্র/হিসাবসহ আবেদনপত্র | অর্জিত ছুটির হিসাবের ফরম হিসাবরক্ষণ অফিস/প্রশাসন শাখা ও ওয়েবসাইটে www.dfp.gov.bd-তে পাওয়া যাবে। | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | মোহাম্মদ সায়েম হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: ০২-৮৩০০৬৯৮<br>সেলফোন: ০১৭১০-৭৭০১৭১<br>E-mail: sayeam2011@gmail.com |
| ৫. | ভ্রমন ভাতা মঞ্জুরী ও চূড়ান্ত উত্তোলন। | সাদাকাগজে মহাপরিচালক বরাবর আবেদন। | আবেদনপত্র | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | মোহাম্মদ সায়েম হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন)<br>ফোন: ০২-৮৩০০৬৯৮<br>সেলফোন: ০১৭১০-৭৭০১৭১<br>E-mail: sayeam2011@gmail.com |

**২. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS):**

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করুন:

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সমাধান দিতে ব্যর্থ হলে | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবি:<br>সেলিনা আকতার<br>উপপরিচালক (প্রশাসন)<br>ফোন: ৯৩৩১১৪২<br>ইমেইল: ddadmin@dfp.gov.bd<br>ওয়েবপোর্টাল: প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের GRS লিঙ্ক। | ৩০ কার্যদিবস |
| ২. | আপিল কর্মকর্তা | মোঃ নজরুল ইসলাম<br>যুগ্ম-সচিব (প্রশাসন)<br>ফোন: ৯৫৪০০৫৭<br>মোবাইল: ০১৭১২২৫২৯০৯<br>ই-মেইল: ds.admin@moi.gov.bd | ২০ কার্যদিবস |
| ৩. | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | ৬০ কার্যদিবস |

**৩. আপনার কাছে আমাদের প্রত্যাশা:**

| | |
|---|---|
| ১) | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র জমা প্রদান। |
| ২) | নির্ধারিত শাখায় প্রয়োজনীয় সেবা মূল্য পরিশোধ করা। আবেদনের সাথে চাহিদা অনুযায়ী কাগজপত্র জমাদান। |
| ৩) | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ে উপস্থিত থাকা। |
| ৪) | প্রয়োজনীয় সকল প্রামাণিক কাগজপত্র নির্ধারিত শাখায় দাখিল করা। |
| ৫) | সেবা প্রাপ্তিতে বিলম্ব হলে বা কোনো ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট শাখার উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা। |

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।
www.dfp.gov.bd

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ১৯৭৬ সালের ২১ শে জুন সরকারের দু'টো সৃজনশীল প্রতিষ্ঠান 'প্রকাশনা বিভাগ' ও 'চলচ্চিত্র বিভাগ' নিয়ে প্রতিষ্ঠিত হয়। সংক্ষেপে এটি ডিএফপি নামে পরিচিত। পরবর্তী পর্যায়ে ১৯৮৩ সালের জুলাই মাসে তথ্য মন্ত্রণায়াধীন বাংলা অনুবাদ ও প্রকাশনা নিবন্ধন পরিদপ্তর এবং নিরীক্ষা ও বিজ্ঞাপন সেল এক হয়। তদানীন্তন চলচ্চিত্র বিভাগ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ রেকর্ড করে। স্বাধীনতা সংগ্রাম, অমর একুশ, ৬-দফা আন্দোলন, উনসত্তরের গণ-অভ্যুত্থান, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ, মুক্তিযুদ্ধ ও সদ্য স্বাধীন বাংলাদেশের উন্নয়ন কার্যক্রম কিংবা জাতির পিতার ওপর যা কিছু আজ বিভিন্ন চলচ্চিত্রের মাধ্যমে/টিভি চ্যানেলে দেখা যায় তা মূলত ডিএফপি'র সৃষ্টি।

**অধিদপ্তরের লক্ষ্য ও উদ্দেশ্য:**

চলচ্চিত্র ও প্রকাশনার মাধ্যমে দেশের ইতিহাস ও ঐতিহ্যের চিত্র ভবিষ্যতে প্রজন্মের ধারন করা এবং সরকারের অনুসৃত নীতি ও উন্নয়ন কার্যক্রমে জনগণকে সম্পৃক্ত করা এ অধিদপ্তরের মূল লক্ষ্য। এ লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে এ অধিদপ্তর নিয়মিতভাবে জনসচেতনতা মূলক প্রমাণ্যচিত্র, ডকুড্রামা, সংবাদচিত্র এবং ফিচার ফিল্ম নির্মাণ করে থাকে। পাশাপাশি নিয়মিত ও অ্যাডহক প্রকাশনার আওতায় সাময়িকী-পুস্তক-পুস্তিকা অ্যালবাম ও পোস্টার প্রকাশ করে। এ অধিদপ্তরের চলচ্চিত্র ও প্রকাশনাসমূহ তথ্য মন্ত্রণালয়ের গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে জেলা পর্যায়ে বিতরণ করা হয়ে থাকে।

**সাংগঠনিক কাঠামো:**

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালকের পদটি বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডার সিডিউলের জাতীয় বেতন স্কেলের গ্রেড-২ ভুক্ত একটি পদ। মহাপরিচালকের অধীনে গ্রেড-৫ ভুক্ত তিনটি পরিচালক ও দুইটি সিনিয়র সম্পাদকের পদ রয়েছে। সিনিয়র সম্পাদকগণ নিয়মিত ও অ্যাডহক প্রকাশনার তত্ত্বাবধান করেন। পরিচালক (চলচ্চিত্র), পরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) এবং পরিচালক (প্রশাসন) তাদের অধীনস্থ কর্মকর্তাদের কার্যক্রম তত্ত্বাবধান করেন। অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের অনুমোদিত পদসংখ্যা নিম্নরূপ:

| শ্রেণি | অনুমোদিত পদ |
|---|---|
| ১ম শ্রেণি | ৪১ |
| ২য় শ্রেণি | ৩৫ |
| ৩য় শ্রেণি | ১৮৬ |
| ৪র্থ শ্রেণি | ৮৭ |
| সর্বমোট = | ৩৪৯ |

**কার্যক্রম সেবা:**

এ অধিদপ্তর পাঁচটি স্বতন্ত্র ও স্বয়ংসম্পূর্ণ বিভাগ বা ইউনিটের মাধ্যমে যাবতীয় এ কার্যক্রম পরিচালনা করে থাকে।

**ক. চলচ্চিত্র শাখা:**

চলচ্চিত্র শাখা ও নিয়মিতভাবে সংবাদচিত্র, বিশেষ সংবাদচিত্র, প্রামাণ্যচিত্র, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ও টিভি ফিলার ইত্যাদি নির্মাণ করে থাকে। চলচ্চিত্র শাখার দায়িত্বসমূহ নিম্নরূপ:

- মহামান্য রাষ্ট্রপতি ও সরকার প্রধানের রাষ্ট্রীয় কর্মকান্ডের ইতিহাস সংরক্ষণের জন্য সংবাদচিত্র নির্মাণ করা;
- বিদেশী রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানগণের বাংলাদেশ সফর ও গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষ্যে ও বিশেষ সংবাদচিত্র নির্মাণ করা;
- দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ইত্যাদির ওপর প্রামাণ্যচিত্র নির্মাণ;
- সরকারের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে প্রামাণ্যচিত্র নির্মাণ;
- রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ইস্যুতে জনমত গঠন করার উদ্দেশ্যে প্রামাণ্যচিত্র ও ইস্যুভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করা;
- সমাজের অবৈধ ও ক্ষতিকর দিক যেমন- মাদকাসক্তি, দুর্নীতি, চোরাকারবারী সম্পর্কে জনগণকে সচেতন করে তোলার জন্যে প্রামাণ্যচিত্র/ডকুড্রামা নির্মাণ;
- প্রামাণ্যচিত্রসমূহ দেশের প্রত্যন্ত অঞ্চলে প্রদর্শনের জন্যে গণযোগাযোগ অধিদপ্তরে সরবরাহ করা;
- নির্মিত প্রামাণ্যচিত্র সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহে প্রদর্শনের ব্যবস্থা করা;
- নির্মিত প্রামাণ্যচিত্র বিদেশে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রদর্শনের লক্ষ্য তা পররাষ্ট্র মন্ত্রণালয়ে সরবরাহ করা। সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও স্বায়ত্তশাসিত দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী তাদের অর্থায়নে উন্নয়নমূলক প্রামাণ্যচিত্র নির্মাণ করা;
- বিদেশী সাংবাদিক ও মিডিয়াকে এদেশে চিত্রায়ন কাজে সরকারের নীতিমালা অনুসারে গাইড এবং সহযোগিতা প্রদান করা।

**খ. প্রকাশনা শাখা:**

চলচ্চিত্র শাখার মতো অভিন্ন লক্ষ্য উদ্দেশ্য নিয়ে এ শাখা তিনটি নিয়মিত পত্রিকা ও বেশ কিছু অ্যাডহক প্রকাশনা করে থাকে।

**সচিত্র বাংলাদেশ:**

এটি একটি পাক্ষিক সচিত্র সাময়িকী। ১৯৪৯ সালে 'মাহে নও' দিয়ে এর যাত্রা শুরু। সরকারের উন্নয়ন কর্মকান্ডের একমাত্র প্রামাণিক দলিল হিসেবে সচিত্র বাংলাদেশ তৃণমূল পর্যায়ে বিতরণ করা হয়। এছাড়া জাতীয় সাহিত্য, সংস্কৃতি ও কৃষ্টির লালন করা এর অন্যতম উদ্দেশ্য। 'মতামত' নামক পাতার মাধ্যমে জনগণের বার্তাকেও সরকারের কাছে পৌঁছে দেয় 'সচিত্র বাংলাদেশ'।

**নবারুণ:**

জনপ্রিয় এই সাময়িকীটি দেশের শিশু-কিশোরদের মেধা বিকাশের অন্যতম পথিকৃৎ। ১৯৭০ সাল থেকে অব্যাহত প্রকাশনার মাধ্যমে শিশু-কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশের মাধ্যমে এক দক্ষ ও মেধাবী জাতি গঠনে সহায়ক ভূমিকা পালন করছে নবারুণ।

**বাংলাদেশ কোয়ার্টারলি:**

একটি ত্রৈমাসিক ইংরেজি প্রকাশনা। দেশের ইতিহাস, ঐতিহ্য, সাংস্কৃতিক বিষয় এবং কৃষ্টি ও চলমান উন্নয়ন কর্মকান্ডসহ বিভিন্ন প্রবন্ধ-নিবন্ধ প্রকাশ করে থাকে। বাংলাদেশ কোয়ার্টারলি দেশের বিভিন্ন প্রতিষ্ঠান ছাড়াও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে বিতরণ করা হয়ে থাকে।

**এডহক প্রকাশনা:**

এর আওতায় সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, দেশের কৃষ্টি, সংস্কৃতি, গুরত্বপূর্ণ জাতীয় ও আমত্মর্জাতিক দিবস উপলক্ষ্যে পোস্টার, পুস্তক-পুস্তিকা, ফোল্ডার, স্টিকার, প্রচারপত্র ইত্যাদি প্রকাশ ও বিতরণ করা হয়ে থাকে।

**চারুকলা ও নকশা অনুশাখা:**

অধিদপ্তরের প্রকাশনার শিল্পমান নিয়ন্ত্রণের ক্ষেত্রে চারুকলা ও নকশা শাখার ভূমিকা উল্লেখযোগ্য।

- এ অধিদপ্তরের প্রকাশিত তিনটি নিয়মিত প্রকাশনা যেমন: সচিত্র বাংলাদেশ, নবারুন ও বাংলাদেশ কোয়ার্টারলি পত্রিকার প্রচ্ছদ-ডিজাইন এবং অঙ্গসজ্জার মাধ্যমে প্রকাশনাসমূহকে নান্দনিক করা এর অন্যতম দায়িত্ব।
- জাতীয় দিবসসহ বিভিন্ন উপলক্ষ্যে গণসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রকাশিত নানা বিষয়ের পোস্টার ডিজাইন এবং এগুলোর শিল্পমান নিয়ন্ত্রণ করা।
- অ্যাডহক প্রকাশনার ডিজাইন করা এবং এগুলোর শিল্পমান নিয়ন্ত্রণ করা।
- এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের প্রকাশনার অঙ্গসজ্জার সহায়তা প্রদান করা।

**গ. বিজ্ঞাপন ও নিরীক্ষা অনুশাখা:**

**বিজ্ঞাপন অনুশাখা:**

- সরকারের বিজ্ঞাপন নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা।
- মাসিক, ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিকী ও বার্ষিক বিবরণী তৈরি করা।
- সংবাদপত্র ও সাময়িকী মিডিয়া তালিকাভুক্তি করা।
- সংবাদপত্রসমূহে ওয়েজবোর্ড রোয়েদাদ বাস্তবায়ন নিয়মিত মনিটরিং করা।

**নিরীক্ষা অনুশাখা:**

- নিরীক্ষাপূর্বক পত্র-পত্রিকার প্রচার সংখ্যা নির্ধারণ ।
- প্রচার সংখ্যার ভিত্তিতে সংশ্লিষ্ট পত্রিকার বিজ্ঞাপন হার ও মাসিক নিউজপ্রিন্টের কোটা নির্ধারণ।
- প্রয়োজনীয় শর্তাদি প্রতিপালনে ব্যর্থ সংবাদপত্র/সাময়িকীর মিডিয়া তালিকাভুক্তি বাতিল।

**নিবন্ধন শাখা:**

- দেশের সকল নিয়মিত সাময়িকী ও পুস্তকের নিবন্ধন করা।
- সংবাদপত্র ও সাময়িকীর নামের ছাড়পত্র প্রদান।
- নিবন্ধিত পুস্তক ও পত্রিকার গ্রন্থপঞ্জি তৈরি করা।
- ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধিকরণ) আইন-১৯৭৩ এর প্রদত্ত ক্ষমতাবলে প্রকাশিত সকল সংবাদপত্র ও পুস্তকসমূহের পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করে থাকে।
- পত্রিকাসমূহের নিয়মিত প্রকাশ সংক্রান্ত প্রত্যয়নপত্র জারি করে থাকে।

**ঙ. প্রশাসন অনুশাখা:**

প্রশাসন শাখা সকল ফাংশনাল শাখার কাজের সমন্বয় সাধন এবং পরিপূরকরূপে কাজ করে থাকে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে। দক্ষ জনবল গড়ে তোলা।

- তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি, টাইমস্কেলসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি ব্যবস্থাপনা করা।
- কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণ ও পরিবহন ব্যবস্থা।
- মাসিক প্রতিবেদন, কর ব্যতীত রাজস্ব প্রতিবেদন, নিরীক্ষা প্রতিবেদন, সমন্বয় সভাসহ বিবিধ প্রতিবেদন তৈরি করা।
- এ ছাড়া অন্যান্য শাখার কার্যাবলি সমন্বয় ও সার্বিক তত্ত্বাবধান করা প্রশাসন শাখার অন্যতম দায়িত্ব।

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ''বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য'' হিসেবে স্বীকৃতি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সাবেক মহাপরিচালক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন ৭ই মার্চের ভাষণকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি প্রদানের জন্য ২০১৫ সালে ইউনেস্কোতে একটি প্রস্তাব প্রেরণ করেন। একই সময়ে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের তৎকালীন মহাপরিচালক মো: লিয়াকত আল খান ইউনেস্কোতে পৃথক একটি প্রস্তাব প্রেরণ করেন। এরই ক্রমধারায় সরকারের প্রচেষ্টা ও কূটনৈতিক উদ্যোগের ফলে ২০১৭ সালের ৩০ অক্টোবর, ইউনেস্কো আনুষ্ঠানিকভাবে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে ''বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য'' হিসেবে স্বীকৃতি প্রদান করেন। বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি অর্জনের জন্য জমা দেওয়া ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক ধারণকৃত ও সম্পাদিত ছিল।

সুষ্ঠুভাবে এ অধিদপ্তরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ আগস্ট, ২০১৫ তারিখে ১৬ তলা বিশিষ্ট 'তথ্য ভবন' নির্মাণের ভিত্তিফলক উন্মোচন করেন। ১ নভেম্বর, ২০১৮ তারিখে আনুষ্ঠানিকভাবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভবনটির উদ্বোধনও করেন। ২০১৯ সালের জুন মাস থেকে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর তথ্য ভবনে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।

বিগত সময়ে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর Meet Bangladesh, বঙ্গবন্ধু সহজপাঠ, মহিয়সী নারী বেগম ফজিলাতুন্নেছা, Bangladesh towards Sustainable Development Goals, Sheikh Hasina Initiatives, বাংলাদেশের পাখি, বাংলাদেশের বন্যপ্রাণী, বাংলাদেশের পর্যটন আকর্ষণ: সিলেট বিভাগ, চট্টগ্রাম বিভাগ, খুলনা বিভাগ, বরিশাল বিভাগ ইত্যাদি পুস্তক প্রকাশ করে।

মাননীয় প্রধানমন্ত্রীর 'চ্যাম্পিয়ন অব দ্যা আর্থ' পুরস্কার প্রাপ্তি এবং পরিবেশ সুরক্ষার ওপর বাংলা ও ইংরেজি ভাষায় 'Bangladesh towards Sustainable Development Goals' এবং 'টেকসই উন্নয়ন অভীষ্ট' শীর্ষক পুস্তক, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগের বিষয়ে বাংলা ও ইংরেজিতে পকেট পুস্তক এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ নিয়ে ''The Historic 7th March of the Father of the Nations Bangabandhu Sheikh Mujibur Rahman'' বাংলা ও ইংরেজি দ্বিভাষিক একটি পুস্তিকা প্রকাশ করা হয়। এছাড়াও সরকারের 'উন্নয়ন ও সাফল্যের ১০ বছর', তথ্য মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন, ৯ম জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সম্বলিত ০২টি ও সংসদে প্রশ্নোত্তর বিষয়ক ১১টি বিশেষ পুসত্মক প্রকাশ করা হয়।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের প্রযোজনায় নির্মিত চলচ্চিত্র 'হৃদয়ে একুশ' রাশিয়ার Moscow Film Festival Award এবং Canada Film Festival Award অর্জন করে। এ অধিদপ্তরের প্রযোজনায় 'একাত্তরের গণহত্যা ও বধ্যভূমি' শিরোনামে চলচ্চিত্র এবং বাংলাদেশের সাংবাদিকতার পথিকৃৎ 'কাঙাল হরিনাথ' ডকুড্রামা জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করে। এছাড়া অটিজমের ওপর নির্মিত চলচ্চিত্র 'পুত্র' ব্যাপক সাড়া ফেলেছে। এ অধিদপ্তরের নির্মিত প্রামাণ্যচিত্র এবং প্রকাশনাসমূহ নিয়ে কলকাতা আন্তর্জাতিক বইমেলা, কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এবং জেদ্দা আন্তর্জাতিক বই মেলায় অংশগ্রহণ করা হয়।

চলচ্চিত্র নির্মাণ ব্যবস্থার সার্বিক ডিজিটালাইজেশনের জন্য ১৫ কোটি ৮০ লক্ষ টাকার একটি প্রকল্প শেষ পর্যায়ে রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে অধিদপ্তরের নিজস্ব ডিজিটাল কারিগরি সহযোগিতায় প্রামাণ্যচিত্র, ডকুড্রামা ও টিভি ফিলার নির্মাণ সহজ হবে। এছাড়া একটি ডিজিটাল এডিটিং প্যানেল স্থাপন করা হয়েছে।

রূপকল্প-২০২১ ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে গুগল প্লে স্টোরের মাধ্যমে নবারুণ মোবাইল অ্যাপেরর সাহায্যে বিশ্বব্যাপী বাংলা ভাষার পাঠকদের কাছে নবারুণ পত্রিকাটি পৌঁছে যাচ্ছে। সম্প্রতি 'বিকাশ পেমেন্ট' এর মাধ্যমে সচিত্র বাংলাদেশ, নবারুণসহ অন্যান্য প্রকাশনা বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে।

**সেবা প্রাপ্তিতে কোনো অভিযোগ বা পরামর্শ থাকলে কোথায় যাবেন**

**এ কর্মসূচির মাধ্যমে জনগনের সেবা প্রাপ্তিতে কোনো বাধা বা সমস্যা হলে নিম্নলিখিত ঠিকানায় সরাসরি টেলিফোনে বা লিখিতভাবে অভিযোগ বা পরামর্শ প্রদান করা যাবে:**

১. মহাপরিচালক
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
ফোন: ০২-৮৩৩১০৩৪

২. পরিচালক (প্রশাসন ও প্রকাশনা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
ফোন: ০২-৮৩০০৬৮১

৩. পরিচালক (চলচ্চিত্র)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
ফোন: ৯৩৩০৭৭৮

৪. পরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
ফোন: ০২-৮৩০০৬৮৩

৫. সিনিয়র সম্পাদক (সচিত্র বাংলাদেশ ও নবারুণ)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
ফোন: ০২-৮৩০০৬৮১

৬. সিনিয়র সম্পাদক (কোয়ার্টারলি ও অ্যাডহক)
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
ফোন: ০২-৯৩৩১০০৫